দৈনিক বাংলা

তারিখ 25 JUL 1995
পৃষ্ঠা ৫ কলাম ৪

# জনমত

## বেসরকারী মাধ্যমিক শিক্ষক/কর্মচারীদের টাইম স্কেল

বেসরকারী মাধ্যমিক শিক্ষক/কর্মচারীদের দীর্ঘদিনের দাবী টাইম স্কেল সরকার সম্প্রতি প্রদান করেছেন। যেসব শিক্ষক/কর্মচারী একই বেতন স্কেলে, ন্যূনতম ৮ বৎসর সন্তোষজনকভাবে চাকরি করেছেন, তাদের তথ্য বিবরণী নির্ধারিত ছকে প্রদানের জন্য প্রত্যেক জেলা শিক্ষা অফিসারকে, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বাংলাদেশ-এর স্মারক নং ও এম-২৯৫/ম-৯৫/৪৭৪৮ / ৬৪-ম, তাং ১৪-৩-৯৫ইং অনুযায়ী নির্দেশ দেয়া হয়। বিধিমোতাবেক যারা টাইম স্কেল প্রাপ্তির আওতায় পড়েছেন, নির্ধারিত ছকে তাদের তথ্য বিবরণীর প্রত্যেক বিদ্যালয় থেকে বিগত মার্চ/৯৫ যথারীতি প্রেরণ করা হয়। এই প্রেক্ষিতে দীর্ঘদিনের প্রতীক্ষার পর চলতি জুলাই মাসে বেসরকারী শিক্ষক/কর্মচারীদের বিগত জুলাই/৯৪ মাস থেকে টাইম স্কেল বাবদ বকেয়াসহ মে/৯৫' মাসের সরকারী বেতন প্রদান করা হয়েছে। কিন্তু দুঃখের বিষয়, এই যে, বিধিমোতাবেক টাইম স্কেল পাওয়ার দাবীদার যেসব শিক্ষক/কর্মচারীর বিবরণী তালিকা ইতিপূর্বে প্রত্যেক বিদ্যালয় থেকে প্রেরণ করা হয়েছিল তাদের অনেকেই টাইম স্কেল পাননি। পক্ষান্তরে, টাইম স্কেল প্রাপ্তির সময়সীমা যাদের পূর্ণ হয়নি বা যাদের নাম প্রেরিত তালিকায় অন্তর্ভুক্ত হয়নি তাদের অনেককেই টাইম স্কেল প্রদান করা হয়েছে। এতে স্বভাবতই বঞ্চিত শিক্ষক/কর্মচারীদের মনে হতাশা ও বিভ্রান্তির সৃষ্টি হয়েছে। তাই জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে বিদ্যালয়সমূহ থেকে প্রেরিত বিবরণী তালিকার অন্তর্ভুক্ত সকল শিক্ষক/কর্মচারীকে বিধিমোতাবেক যথাশীঘ্র টাইম স্কেল প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে বঞ্চিত শিক্ষক/কর্মচারীদের হতাশা ও বিভ্রান্তির হাত থেকে রক্ষার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি বিনীত অনুরোধ জানাচ্ছি।

মোঃ আবদুর রহমান
সাধারণ সম্পাদক
বাংলাদেশ শিক্ষক সমিতি
কিশোরগঞ্জ জেলা শাখা।
কিশোরগঞ্জ